## অচিন্ত্য-ভেদাভেদ-তত্ত্ব ও অদয়-তত্ত্ব

অচিত্য-ভেদাভেদ-তত্ত্ব। জীব এবং ব্রেজার মধ্যে দক্ষ-বিষয়ে বিতার মতভেদ দৃষ্ট হয়। কেহ বলেন, জীব ও ব্রেজার মধ্যে আত্যন্তিক অভেদ; যেমন শঙ্করাচার্যা। কেহ বলেন, জীব ও ব্রেজার মধ্যে আত্যন্তিক ভেদ; যেমন মধ্বাচার্যা। গোতম, কণাদ, জৈমিনী, কপিল, পতঞ্জলি প্রভৃতিও ভেদবাদী। আবার, পৌরাণিক ও শৈবগণ এবং ভাস্করাচার্যাও ভেদাভেদবাদী। (সর্বসেমাদিনী, ১৪২ পঃ)।

শ্রীপাদশঙ্করাচার্য্য শ্রীব-ব্রন্ধের অভেদ প্রতিপন্ন করিতে যাইয়া ব্রন্ধের শক্তি স্বীকার করেন নাই এবং মুখ্যার্থের সঙ্গতি থাকা সত্ত্বেও অবৈধভাবে—তত্ত্বমসি-প্রভৃতি—শ্রুতিবাক্যের লক্ষণাবৃত্তিতে অর্থ করিয়াছেন। ইহাপ্রেই বলা হইয়াছে।

তিনি বলেন, ব্ৰহ্ম হইলেন অষয়-তত্ত্ব; অষয়-তত্ত্ব হইলেন সৰ্বপ্ৰকার ভেদশ্স তত্ত। শক্তি স্বীকার করিলেই শক্তির ক্রিয়া হইতে উৎপন্ন ভেদ স্বীকার করিতে হয়; তাহাতে ব্ৰহ্মের অষ্মত্ব বক্ষা করা চলে না।

যাঁহারা বলেন—কিরপেই বা ভেদ অস্বীকার করা যায় ? চক্ষুর সন্মুথেই দেখিতেছি, অনস্ত বৈচিত্রীময় জগং, তাহাতে আবার অনস্তকোটি জীব এবং এসমস্ত ব্রহ্ম হইতেই উৎপন্ন বলিয়া উপনিষদ্-বেদাস্তাদিও ঘোষণা করিতেছেন। এসমস্ত প্রতাক্ষ-দৃষ্ট ভেদ কিরপে অস্বীকার করা যায় ? তাঁহাদের প্রতি শ্রীপাদশস্কর বলেন—যাহাকে তোমরা প্রতাক্ষ-দৃষ্ট বলিতেছ, তাহা ভ্রান্তিমাত্র; কেহ কেহ অন্ধকারে রজ্জু দেখিয়া সাপ বলিয়া ভুল করে, বাস্তবিক সেখানে সাপ বলিয়া কোনও জিনিস নাই; তদ্রপ, যে জগং দেখিতেছ বলিয়ামনে করিতেছ, সেই জগতের কোনও অন্তিম্ব নাই; মায়ার প্রভাবে তোমরা ভুল দেখিতেছ। মায়ার প্রভাব ছুটিয়া গেলে দেখিবে, জগং বলিয়া কোনও বস্তুই নাই, আছে সেখানে কেবল ব্রন্ধ। আর যে জীবের কথা বলিতেছ, তাহাও ঐরপই ভ্রান্তি। এই জীব-ভ্রান্তিও মায়ার প্রভাব-জনিত; মায়ার প্রভাব যখন দৃর হইবে, তখন প্রত্যেক জীবই বুঝিতে পারিবে, সে জীব নয়—ব্রন্ধ; স্বরূপতঃ জীব বলিয়াও কোনও বস্তু নাই। আছেন ্একমাত্র ব্রন্ধ, নির্বিশেষ নিঃশক্তিক ব্রন্ধ।

এইরপে জগং ও জীবের মিথ্যাত্ব প্রতিপন্ন কবিয়া, ইছাদিগকে প্রক্তত-প্রস্তাবে শৃহাত্বের পর্যায়ে স্বাইয়া দিয়া বীপাদশন্ধর তাঁহার অবৈত্বতত্ব বা অন্ধত্ব প্রতিষ্ঠি করিয়াছেন। কিন্তু তাঁহার অন্ধর-তত্ব যে প্রতিষ্ঠিত হইয়ছে, একথা বলা যায় না। যেহেত্, জীব ও জগংকে শৃহাত্বের পর্যায়ে নেওয়ার জহা তিনি যে মায়ার প্রভাব শীকার করিয়াছেন, সেই মায়ার কোনও সমাধান তিনি করিতে পারেন নাই। যদিও শ্রুতি-শ্বৃতি বলিয়াছেন—মায়া রক্ষের শক্তি, শর্রাচার্য্য তাহা থীকার করেন নাই; করিতে গেলে ব্রহ্মতে স্বাপন করাও চলে না এবং তিনি যে ভাবে ব্রহ্মের অধ্যত্ম স্থাপন করিতে চাহিয়াছেন, সেইভাবে অব্যত্ম স্থাপন করাও চলে না। আবার মায়াকে শীকার না করিলে জগতের মিথ্যাত্ম বা শৃহত্বও প্রতিপন্ন করা চলে না। কিন্তু মায়া কি—তাহা তিনি বলেন নাই। কেবল বলিয়াছেন—মায়া সংও নয়, অসংও নয়; অর্থাং মায়া আছে একথাও বলা চলে না (বলিলে দ্বিতীয় তত্ম একটী বীকার করিতে হয়, অধবা বহেম্বর শক্তি শ্বীকার করিতে হয়), নাই—একথাও বলা চলে না (বলিলে মায়ার প্রভাবে জগতের মিথ্যাত্ম সহদ্ধে তিনি যাহা বলিয়াছেন, তাহাই মিথ্যা হইয়া যায়)। মায়া অনির্ব্বাচ্যা—ইহাই তাহার মত। কিন্তু যাহা বাচ্য, তাহা যেমন একটা বস্তু; যাহা অনির্ব্বাচ্য, তাহাও তেমনি একটা বস্তু। মায়াকে শীকার করিয়া তিনি ব্রহ্মাতিরিক্ত একটী বস্তুই শীকার করিলেন। এই মায়াকে তিনি অজ্ঞান বলিয়াছেন; আর ব্রহ্ম তো জ্ঞানস্বরূপ আছেনই; স্মৃতরাং মায়া হইল ব্রহ্মের বিজ্ঞাতীয় বস্তু। ব্রহ্মাতিরিক্ত এই মায়াকে শীকার করিয়া করিয়া করিয়া করিয়া হইতে পারেন না।

আবার, এই ভাবে ব্রহ্মের অন্বয়ত্ব প্রতিষ্ঠার জন্য তিনি ব্রহ্মকে নিঃশক্তিক বলিয়াছেন। বাস্তবিক ব্রহ্ম নিঃশক্তিক হইতে পারেন না। কারণ, ব্রহ্মের অস্তিত্ব স্বীকার করিলেই ব্রহ্মের অস্ততঃ তুইটী শক্তি স্বীকার করিতে হয়— অস্তিত্ব রক্ষার শক্তি এবং ব্রহ্মন্ত (অর্থাৎ সর্কর্হত্তা এবং সর্কব্যাপকতা) রক্ষার শক্তি। অস্ততঃ অস্তিত্ব-রক্ষার শক্তি নাই—এমন কোনও বস্তার কল্পনা করা যায় না : এমন কোনও বস্তার সন্তাও থাকিতে পারে না। শক্তিহীন বস্তাহইবে—ভাব-বস্তান রা, পরস্তা—অভাব-বস্তা, শৃত্য। স্ত্তরাং ব্রহ্মের শক্তি স্বীকার না করিয়া শ্রীপাদশহর যে কেবল জাবৈ ও জাগংকেই শৃত্যের পর্যায়ে নিয়া গিয়াছেন। বোধ হয় এজন্যই বলা হয়—"মায়াবাদমস্ভ্রান্ত্রং প্রাভ্রন্থবৈ স্কৃম্চাতে।"

প্রকৃত প্রস্তাবে, ব্রহ্মের শক্তি সীকার না করিয়া ব্রহ্মের অন্মত্ব-প্রতিষ্ঠার জন্ম তাঁহার প্রয়াস সার্থক হইয়াছে বলা যায় না। শক্তি সীকারপূর্বক কির্মেপে ব্রহ্মের অন্মত্ব প্রতিষ্ঠিত হইতে পারে, গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যগণ তাহা দেখাইয়াছেন। এ বিষয় পরে আলোচিত হইবে।

যাহা হউক, এই গেল ঐকান্তিক অভেদবাদী শ্রীপাদ শহরের কথা। ভেদবাদী শ্রীপাদ মধ্বাচার্য্য বলোন—জীব এবং বাদা হইল তুইটা পূথক্ তত্ত্ব, তুইটা পূথক্ বস্তা। তবে ব্রহ্ম যেমন চিদ্বস্ত, জাবও তেমনি চিদ্বস্তা; এই হিদাবে জীব হইল বাহ্মের সমজাতীয় দ্বিতীয় বস্তা, ব্রহ্মের সজাতীয় ভেদ। ব্রহ্মের অহায়ত্ব স্থাপনের জন্ম মধ্বাচার্য্য ব্যস্তানহেন; তাই ব্রহ্মের সজাতীয় ভেদ স্বীকারে তাঁহার আপত্তি নাই। জীব এবং ব্রহ্মের চিদংশে সজাতীয়ত্ব স্বীকার করিয়া তিনি জীব-ব্রহ্মের অভেদবাচক শ্রুতিবাক্যের সমন্বয় করিয়াছেন।

যাহা হউক, জীব এবং ব্রেলার মধ্যে—শঙ্করাচার্য্যের আত্যন্তিক অভেদও গোড়ীয়-বৈষ্ণবেগণ স্বীকার করেন না, এবং মধ্বাচার্য্যের আত্যন্তিক ভেদও তাঁহারা স্বীকার করেন না। তবে তাঁহারা অন্ধ্য-বাদী। "বদন্তি তত্তত্ত্বিদ্সন্তব্ধং যজ জ্ঞানমন্থ্যম্। ব্রেলাতি পরমাত্মেতি ভগবানিতি শক্ষাতে॥"—শ্রীমদ্ভাগবতের এই (১৷২৷১১)-শ্লোকই তাঁহাদের উপজীব্য। এই শ্লোকে পরত্ত্ব-বস্তুকে অন্ধ্য-জ্ঞানতত্ত্ব বলা হইয়াছে। তাঁহারাও পরব্রহ্ম শ্রীকৃষণকৈ অন্ধ্য-জ্ঞানতত্ত্ব বলা লাক্ষা তাঁহারাও পরব্রহ্ম শ্রীকৃষণকৈ অন্ধ্য-জ্ঞানতত্ত্ব বলা। "অন্ধ্য-জ্ঞানতত্ত্ব-বেস্তুক্ ক্ষেত্রের স্বরূপ। ব্রহ্ম, আত্মা ভগবান্—তিন তাঁর রূপ॥ ১৷২৷৫০॥" কিন্তু শঙ্করাচার্য্যের অন্ধ্য-তত্ত্ব এবং গোড়ীয়-বৈষ্থবাচার্য্যদের অন্ধ্য-তত্ত্ব ঠিক একরূপ নহে।

শ্রীপাদ রামাত্মজাচার্যাও এক রকমের অন্বয়বাদী; তাঁহার মতকে বলা হয়—বিশিষ্টাদ্বৈতবাদ। কিন্তু তাঁহার অন্বয়বাদ এবং গোড়ীয়দের অন্বয়-বাদও ঠিক একরূপ নছে। শ্রীপাদ রামাত্মজ বলেন—চিৎ এবং অচিৎ নামে স্বরূপাতিরিক্ত তুইটা বস্তু আছে। চিৎ হইল জীব এবং অচিৎ হইল মায়া। রামানুজের মতে এই তুইটা হইল— স্বরূপের অতিরিক্ত, কিন্তু স্বরূপের আশ্রিত—হুইটা পৃথকু বস্তু। তিনি বলেন—এই হুইটা বস্তুবিশিষ্ট যে স্বরূপ, তিনিই ঈশ্বন। যাহার শিখা আছে, তাহাকে শিখী বলা হয়—শিখী অর্থে শিখাবিশিষ্ট বস্তা। কিন্তু তাহার শিখা যদি কাটিয়া ফেলা হয়, তাহা হইলে তথন আর তাহাকে শিথী—বা শিখাবিশিষ্ট বস্ত —বলা চলে না। তদ্রপ স্বরূপে যদি চিৎ ও অচিৎ না থাকে, শ্বরূপ যদি চিদ্চিদ্-বিশিষ্ট না হন, তাহা হইলে তাঁহাকে আর ঈশ্বর বলা চলিবে না; তিনি হইবেন তখন কেবল স্বরূপ। রামান্ত্রজ বলেন—এইরূপ কেবলমাত্র স্বরূপের কথা—চিদ্চিৎ-বিরহিত কেবল স্বরূপের কথা শাস্ত্রে দৃষ্ট হয় না; চিদচিদ্-বিশিষ্ট স্বরূপের কথাই শাস্ত্রে দৃষ্ট হয় এবং এই চিদচিদ্-বিশিষ্ট স্বরূপই ঈশ্বর। তাঁছার সঙ্গে গোড়ীয়-বৈষ্ণবদের বৈলক্ষণ্য হইল এই যে, রামান্ত্রজ্ব বলেন—চিৎ (জীব) এবং অচিৎ (মায়া) স্বরূপাঞ্ছিত তুইটা পৃথকু বস্তু; আর গৌড়ীয়-সম্প্রদায় বলেন--চিৎ এবং অচিৎ হইল স্বরূপের শক্তি, স্কুতরাং স্বরপাতিরিক্ত নয়। শ্রীজীবগোস্বামী বলেন—ব্রস্কের কেবলমাত্র আনন্দ হইল বিশেষ, আর তাঁহার শক্তিসমূহ হইল আনন্দের বিশেষণ; এসমন্ত শক্তিরপ বিশেষণ-বিশিষ্ট আনন্দই হইলেন ভগবান্। "আনন্দমাত্রং বিশেয়াম্। সমস্তা: শক্তর: বিশেষণানি। বিশিষ্টো ভগবান্ ইতি আয়াতম্॥—উল্লিখিত জ্ঞী, ভা, ১।২।১১-শ্লোক টীকা।" বিশিষ্টত্বের তাৎপর্য্যের দিক দিয়া শ্রীপাদ রামাত্মজ্ঞর সঙ্গে শ্রীজীবগোস্বামীর বিশেষ পার্থকা আছে বলিয়া মনে হয় না। উভয়ের পার্থকা দৃষ্ট ছয় মুখ্যত: এ কয়টা বিষয়ে। প্রথমত: রামান্ত্রজ বলেন—চিং এবং অচিং এই

তুইটী হইল পৃথক্ বস্ত। প্রীক্ষীবের মতে তাঁহারা উভয়েই যথন শক্তি, তথন তাঁহাদিগকে তুইটী পৃথক্ বস্তু বলা সম্ভ হয় না; শক্তিরূপে তাঁহারা একই। কঙ্কণ এবং বলয়—উভয়েই স্বরূপতঃ স্বর্ণ বলিয়া একই। দিতীয়তঃ, শ্রীক্ষীবের মত অত্যন্ত ব্যাপক; সমস্ত শক্তিই তাঁহার মতে ব্রেন্দের বিশেষণ। আর রামান্তজের মতে কেবল জীব এবং জনং হইল তাঁহার বিশেষণ। তৃতীয়তঃ, শ্রীপাদ রামান্তজ্ঞ শক্তি এবং শক্তিমানে ভেদ স্বীকার করেন। শ্রীরামান্তজীয়াস্ত শক্তি-শক্তিমতোর্ভেদমেব বর্ণয়ন্তি। সর্ব্বসম্বাদিনী। ৩৭ পৃঃ।" কিন্তু গোড়ীয়-বৈফ্যবাচার্য্যাণ শক্তি ও শক্তিমানের কেবল ভেদ স্বীকার করেন না। চতুর্থতঃ, রামান্তজ্ঞ ব্রেন্দের স্বগতভেদ স্বীকার করেন; তাঁহার মতে চিং (জীব) এবং অচিং (মায়া) ব্রন্দের স্বগতভেদ। শ্রীক্ষীব ব্রন্দের কোনওরূপ ভেদই স্বীকার করেন না।

ুর্গোড়ীয়-বৈষ্ণবাচার্য্যগণ ভেদবাদী নহেন, অভেদবাদীও নহেন। তাঁহারা হইলেন ভেদাভেদবাদী। কিন্তু তাঁহাদের ভেদাবেদবাদ গোতম-কণাদাদির ভেদাভেদবাদ অপেক্ষা অনেক বেশী ব্যাপক।

ইতঃপুর্বের জীবতত্ব-প্রবন্ধে জীব ও রন্ধের মধ্যে ভেদাভেদ সম্বন্ধ প্রদর্শিত হইয়াছে। কিন্তু সেম্বলে ভেদাভেদের ঘুইটা হেতু দেখান হইয়াছে—প্রথমতঃ, জীব হইল ব্রন্ধের অংশ, ব্রন্ধ ইংলন জীবের অংশী; অংশ ও অংশীর মধ্যে ভেদাভেদ সম্বন্ধ বিজ্ঞমান্ বলিয়া জীব ও ব্রন্ধের মধ্যেও ভেদাভেদ সম্বন্ধ থাকিবে। দিতীয়তঃ, শ্রুতিতে ভেদবাচক এবং অভেদবাচক বাক্যও দৃষ্ট হয়; এই পরস্পর-বিরোধী বাক্যসমূহের সমস্বয় স্থাপন করিতে হইলে জীব ও ব্রন্ধের মধ্যে ভেদাভেদ-সম্বন্ধ বীকার করিতে হয়। কিন্তু অংশ ও অংশীর মধ্যে কেন ভেদাভেদ-সম্বন্ধ বিজ্ঞমান এবং শ্রুতিতে জীবব্রন্ধ-সম্বন্ধে কেনই বা ভেদবাচক এবং অভেদবাচক বাক্য দৃষ্ট হয়, তাহার কোনও কারণ অন্ধ্রসন্ধান করা হয় নাই। গৌড়ীয়-বৈষ্ণ্যবাচার্ঘ্যদের ভেদাভেদ যে ব্যাপক্তম ভূমিকার উপব প্রতিষ্ঠিত, দেই ভূমিকার দাঁড়াইরা দৃষ্টিপাত করিলে দেখা যাইবে—যে কারণে অংশ ও অংশীর মধ্যে ভেদাভেদ-সম্বন্ধ, ঠিক সেই কারণেই শ্রুতিতে পরস্পর-বিরোধী ভেদবাচক বাক্য দৃষ্ট হয়। উভয়ের হেতুই এক এবং অভিন্ন। তাই বৈষ্ণবদের ভেদাভেদবাদ অধিকত্র ব্যাপক। বিশেষতঃ এই ভেদাভেদ সম্বন্ধ কেবল জাঁব এবং ব্রন্ধের মধ্যেই নহে; পরস্ক ব্রন্ধ এবং অপর সমস্ত বস্তুর মধ্যেই অবস্থিত। তাই এই ভেদাভেদ-বাদটী ব্যাপক্তম এবং ইহাদারা সমস্ত সমস্তারই সমাধান হইতে পারে। ইহাই গৌড়ীয়-বৈষ্ণবদর্শনের অপূর্ব্ধ বৈশিষ্ট্য। বৈষ্ণবদের এই ভেদাভেদবাদকে বলা হয় অচিস্ত্য-ভেদাভেদতত্ব। এই তত্বটীই এক্ষণে আলোচিত হইতেছে।

শক্তি ও শক্তিমানের অবিচ্ছেত্তত্বের উপরেই গৌড়ীয়-বৈষ্ণবাচার্ঘ্যদের অচিস্তা-ভেদাভেদ-তত্ব প্রতিষ্ঠিত।

গৌড়ীয় বৈষ্ণবাচাৰ্য্যগণ ব্ৰহ্মের শক্তি স্বীকার করেন। তাঁছাদের এই শক্তি-স্বীকৃতি শ্রুতির উপরেই প্রতিষ্ঠিত। তাঁছারা বলেন, ব্রহ্মের অনস্ক-শক্তির মধ্যে তিনটা শক্তি প্রধান—স্বরূপ-শক্তি, মায়াশক্তি এবং জীবশক্তি। স্বরূপ-শক্তির কথা পাওয়া যায় শ্রেতাখতরাদি উপনিষদে। "পরাস্থা শক্তিরিবিধৈব শ্রেরতে। স্বাভাবিকী জ্ঞানবল্ঞিয়া চ॥" এই উক্তির পরা-শব্দই এই শক্তির চিং-স্বরূপত্ব এবং স্বরূপে-অবস্থিতত্ব স্কুচনা করিতেছে। মায়াশক্তির কথা পাওয়া যায় স্র্রের্যাকিনিষ্যং-সার শ্রীমন্ত্রবৃদ্ধীতাতে। "ভূমিরাপোহনলো বায়ুং বং মনো বৃদ্ধিরেব চ। অহংকার ইতীয়্বং মে ভিন্না প্রকৃতিরইধা॥ ৭।৪॥ দৈবীহেষা গুণমন্ত্রী মম মায়া ত্রত্যয়া॥ ৭।১৪॥ শ্রেতাশতরোপনিষ্য বলেন—"মায়ান্ত প্রকৃতিং বিছায়ায়িনঞ্চ মহেশ্বরম্॥ শ্রেতাশতর ॥ ৪।১০॥" অন্ত উপনিষ্যাভে বিশুলালিকা মায়ার উল্লেখ দৃষ্ট হয়। "অক্লামেকাং লোহিত-শুক্র-কৃষ্ণাং বহুবীঃ প্রক্লাং স্বন্ধানাং স্বরূপাঃ॥" জ্বীবশক্তির কথা গীতাতে দৃষ্ট হয়। "অপরেম্বিতন্তন্তাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্। জীবভূতাং মহাবাহো ধ্রেদং ধার্যতে জ্বগাং॥ ৭।৫॥" বিষ্ণুপ্রাণে তিনটা প্রধান শক্তিরই উল্লেখ পাওয়া যায়। "বিষ্ণুশক্তিং পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা। অবিতা-কর্ম্ম-সংজ্ঞাকা তৃতীয়া শক্তিরিয়তে॥ ৬।৭।৬১॥"

এই সমন্ত শৈক্তিই ব্রন্ধের পক্ষে স্বাভাবিকী, অর্থাৎ ব্রন্ধ হইতে অবিচ্ছেতা; ব্রন্ধের মধ্যে বা ব্রন্ধের সংস্রবে নিত্য অবিচ্ছিন্নভাবে অবস্থিত; অগ্নিতাদাত্ম্য-প্রাপ্ত সৌহের দাহিকা-শক্তির ভাষে আগস্তুক নহে। বস্তুতঃ, সাময়িকভাবে যে শক্তি অন্য বস্তুতে স্ঞারিত হয়, তাহাকে সেই বস্তুর শক্তিও বলা হয় না। অগ্নিতাদাত্ম-প্রাপ্ত লোহের মধ্যে সাময়িকভাবে আগন্তুক দাহিকা-শক্তি থাকে; তাহাকে লোহের দাহিকা-শক্তি বলা হয় না। দাহিকা-শক্তির আশ্রম (বা শক্তিমান্) হইল অগ্নি; কারণ, অগ্নির সঙ্গেই তাহার অবিচ্ছেত সম্বন্ধ। সম্বন্ধের অবিচ্ছেত্তত্বই শক্তিমানের শক্তির পরিচায়ক। ইহা কেবল ব্রহ্ম এবং তাহার শক্তি সম্বন্ধে নহে; যে কোনও বস্তুর সংস্কেই তাহার শক্তির এইরূপ অবিচ্ছেত্ত সম্বন্ধ।

শীশী চৈত্যচরিতামূত-গ্রন্থে শীপাদ কবিরাজগোস্বামী তুইটা বস্তর দৃষ্টান্তবারা শক্তি ও শক্তিমানের এই অবিচ্ছেগত্বটা বুঝাইতে চেষ্টা করিয়াছেন। "মৃগমদ তার গন্ধ থৈছে অবিচ্ছেদ। অগ্নি জালাতে হৈছে নাহি করু ভেদ। ১।৪.৮৪॥"—কস্তরীর গন্ধকে যেমন কস্তরী হইতে পৃথক করা যায়না, দাহিকা-শক্তি বা উত্তাপকে যেমন অগ্নি হইতে পৃথক করা যায়না, তদ্ধপ শক্তিকেও শক্তিমান্ হইতে পৃথক করা যায় না। শত চেষ্টাতেও অগ্নি হইতে তাহার দাহিকা-শক্তিকে পৃথক করা যায়না। কোনও কোনও স্থলে অগ্নি-শুন্তনের কথা গুনা যায়; অগ্নিতে নাকি মহৌষ্ধ-বিশেষ প্রক্ষিপ্ত করিলে অগ্নির ঔচ্জল্যাদি সমস্ত বর্ত্তমান থাকা সন্তেও দাহিকা-শক্তি প্রকাশ পায় না; সেই আগুনে তখন হাত দিলে হাত পুড়িয়া যায়না। অগ্নির দাহিকা শক্তিটা মহৌষধের প্রভাবে নম্ভ হইয়া গিয়াছে, স্তরাং দাহিকা-শক্তি অগ্নি হইতে পৃথক হইয়া গিয়াছে, পৃথক্ভাবেই নম্ভ ইইয়াছে—এইরূপ অন্থমান সন্তত হইবে না। মহৌষধের প্রভাবে দাহিকা শক্তিটা প্রত্তিত হয়, প্রকাশ পাইতে পারে না, ইহাই বুঝিতে হইবে।

ষাহা হউক, শক্তিমান্ হইতে শক্তিকে পূথক্ ক্রা যায় না বলিয়া শক্তি এবং শক্তিমান্—এই উভয়ে মিলিয়াই এক বস্তা। বস্তানী হইল বিশেষ, তার শক্তি হইল তার বিশেষণ। বিশেষ এবং বিশেষণ মিলিয়াই হইল বস্তানী। ব্রহ্মের আনন্দ হইল বিশেষ, আর শক্তি হইল তাহার বিশেষণ। ব্রহ্ম হইলেন শক্তিমান্ আনন্দ। বিশেষ্যের সঙ্গে বিশেষণের নিত্য অবিচ্ছেত সম্বা। তাই বিশেষণ্যুক্ত বিশেষ্যই হইল বস্তা।

ইহাতে কেহ বলিতে পারেন—বিশেষ্য এবং বিশেষণ মিলিয়াই যদি বস্তু হয়, বিশেষণকে ষদি বিশেষ্য হইতে—
অর্থাৎ শক্তিকে যদি শক্তিমান্ হইতে পৃথক্ই না করা ষায়, তাহা হইলে পৃথগ্ভাবে শক্তিকে স্বীকার করারই বা
প্রয়োজন কি ? কেবল বস্তু বলিলেই তো চলিতে পারে ? "বস্তুতাহুতান্তরেকেণ তস্তু নির্পাত্বাভাবায় ততঃ
পৃথক্ষমন্তীত্যভিপ্রায়েণৈর তথোক্তমিতি জ্ঞেয়ম্। বস্তুবাস্তু—কা তত্র শক্তিনাম। সর্বসন্ধাদিনী। ৩৬ পৃঃ।" এই
প্রশ্নের উত্তরে প্রীক্ষীর বলিতেছেন—"ইতি মতস্তু ন বেদান্তিনাং মতম্; সত্যাপি বস্তুনি মন্ত্রাদিনা শক্তিস্তম্ভাদি-দর্শনাৎ
যুক্তিবিক্ষকৈকৈতং॥ সর্বসন্ধাদিনী। ৩৬ পৃঃ॥—ইহা বেদান্তাদের মত নহে। মন্ত্রাদির প্রভাবে কোনও বস্তুর
শক্তিমাত্র স্তিত্ত হইতে দেখা যায়, কিন্তু বস্তুটী থাকে। যেমন অগ্নির দাহিকাশক্তি স্তুন্তিত হইলেও অগ্নি থাকে;
স্কুতরাং শক্তির (যেমন অগ্নির বেলায় দাহিকা-শক্তির) পৃথক্ নাম না থাকা যুক্তিসঙ্গত হইবে না।" অগ্নি-স্কন্তনের
ব্যাপারে দেখা গেল, শক্তির অন্তর্বের অভাব হইলেও শক্তিমানের অন্তর্তব হয়; হাত না পুড়লেও আন্তন দেখা যায়।
স্কুতরাং অগ্নি এবং তাহার দাহিকা-শক্তিকে পৃথক্ নামে অভিহিত করাই সঙ্গত।

এক্ষণে বিবেচনা করা যাউক, পরস্পর অবিচ্ছেন্তভাবে সংযুক্ত শক্তি এবং শক্তিমানের মধ্যে ভেদই বর্ত্তমান, না কি অভেদই বর্ত্তমান।

কস্তুরীর দৃষ্টান্ত ধরিয়াই আলোচনা করা ষাউক। কস্তুরীর গন্ধকে যথন কস্তুরী হইতে পৃথকু করা যায় না, তথন মনে হয়, উভয়ের মধ্যে যেন কোনও ভেদ নাই। কিন্তু এই অভেদ-সিদ্ধান্ত করিতে গেলেও এক সমস্তা দেখা দেয়, যাহাতে অভেদ-সিদ্ধান্ত করা যায় না। ব্যাপারটী এই। যেখানে কস্তুরী দেখা যায় না, কস্তুরী হয়তো একটু সামান্ত দ্রদেশে অলন্ধিত ভাবে আছে, সেখানেও কস্তুরীর গন্ধ অন্তুত হয়। ঘরের মধ্যে এক সাজি স্থাননি মল্লিকা ফুল থাকিলে ঘরের বাহ্রেও তাহার গন্ধ পাওয়া যায়। এইরপে, কস্তুরীর বহির্দেশেও যথন কস্তুরীর গন্ধ সম্ভূত হয়, তথন তাহারা একেবারে অভিন্ন, তাহা মনে করা চলে না।

আবার কস্তরীর বহিদেশে গন্ধ অন্তর্ভূত হয় বলিয়া কস্তরী এবং তাহার গন্ধের মধ্যে ভেদ আছে—ইহাও মনে করা যায় না; এইরূপ মনে করিতে গেলেও আর এক সমস্যা উপস্থিত হয়। কস্তরী এবং তাহার গন্ধের মধ্যে ভেদ আছে মনে করিতে গেলে, উভয়কে তুইটা পৃথক্ বস্ত বলিয়া মনে করিতে হয়—যেমন জলের অমুজান ও উদকজান। পৃথক্ মনে করিলে, জলের অমুজান এবং উদকজানের মৃত, কস্তরী এবং তাহার গন্ধকেও সগন্ধ-কস্তরীর তুইটা উপাদান বলিয়া মনে করিতে হয়। উপাদান বলিয়া মনে করিলে, গন্ধ বাহির হইয়া গেলে কস্তরীর ওজন কমিয়া যাইতে বাধ্য। কিন্তু অভিজ্ঞতা হইতে জানা যায়, তাহাতে কস্তরীর ওজন কমে না। স্কুতরাং কস্তরী এবং তাহার গন্ধকে তুইটা পৃথক্ বস্তও মনে করা যায় না, অর্থাৎ তাহাদের মধ্যে ভেদ-মননও সন্তব নয়।

এইরপে দেখা গেল, কস্তরী এবং তাহার গন্ধের মধ্যে কেবল অভেদ-মনন যেমন হুম্বর, আবার কেবল ভেদ-মননও তেমনি হুম্ব। অথচ, ভেদ আছে বলিয়াও যেমন মনে হয়, অভেদ আছে বলিয়াও তেমনি মনে হয়।

এবিষয়ে শ্রীজীবও উক্তরূপ তৃষ্যত্বের কথাই বলেন। তিনি বলেন—শক্তিকে স্বরূপ হইতে অভিনরূপে চিস্তা করা যায় না বলিয়া উহার ভেদ প্রতীত হয়, আবার ভিন্নরূপেও চিস্তা করা যায় না বলিয়া অভেদ প্রতীত হয়। তাই শক্তি এবং শক্তিমানের মধ্যে যুগপৎ ভেদ এবং অভেদই স্বীকার করিতে হয় এবং এই ভেদাভেদ যে অচিষ্ঠা, তাহাও স্বীকার করিতে হয়। "তস্মাং স্বরূপাদভির্বেন চিস্তায়িত্মশক্যস্বাদ্ ভেদং, ভিন্নত্বেন চিস্তায়িত্মশক্যস্বাদ্ অভেদণ্ড প্রতীয়ত ইতি শক্তি-শক্তিমতোর্ভেদাভেদবেবাঙ্গীকৃতে তৈ চি অচিষ্ঠা ইতি। সর্ক্সেম্বাদিনী। ৩৬-৩৭পৃঃ।"

শক্তি এবং শক্তিমানের মধ্যে কেবল ভেদ বা কেবল অভেদ চিস্তা করা কেন অসম্ভব, তাহাও শ্রীঞ্সীব বলিয়াছেন।

কেবল অভেদ মননে যে দোষ জন্মে, সর্বপ্রথমে বিষ্ণুপুরাণের একটী শ্লোকের (৬৮৭ শ্লোকের) উক্তির আলোচনা করিয়া তিনি তাহা দেখাইয়াছেন। এই শ্লোকে মৈত্রের পরাশরকে বলিয়াছেন—"গুরুদেব, আপনার নিকটে আমি ঈথরের চতুর্বিধ রূপের কথা অবগত হইলাম; সেই চতুর্বিধ রূপে হইতেছে এই—পরব্রহ্ম, ঈখর, বিশ্বরূপ এবং লীলাম্র্ডি। ইত্যাদি।" এস্থলে চত্র্বিধেরপে পরতত্ত্ব-বস্তর স্বরূপের কথাই বলা হইয়াছে। শক্তির প্রভাবেই পরতত্ত্ব-বস্তর এই চতুর্বিধ বৈচিত্রা। শক্তিকে যদি শক্তিমান্ হইতে আত্যন্তিকভাবে অভিন্ন মনে করা হয়, তাহা হইলে উক্ত চতুর্বিধ রূপের মধ্যেও আত্যন্তিক অভেদ মনে করিতে হইবে, অর্থাৎ উক্ত চতুর্বিধ রূপে যে একার্থবাধক, তাহাই মনে করিতে হইবে। তাহাই যদি মনে করিতে হয়, তাহাহইলে একার্থবাধক চারিটী শন্দ-প্রয়োগের কোনও সার্থকতা থাকেনা; পুনক্তি-দোষ আসিয়া পড়ে। কিন্তু শাস্ত্রবাক্যে পুনক্তি-দোষ স্বীকার করা যায় না।

ইহার পরে তিনি শ্রুতিবাক্যেরও আলোচনা করিয়াছেন। "বিজ্ঞানম্ আনন্দং ব্রহ্ম। বু, আ, এনাহচ।—ব্রহ্ম বিজ্ঞান এবং আনন্দ।" বিজ্ঞান-শব্দে জড়-বিরোধিত্ব এবং আনন্দ-শব্দে তুংখ-বিরোধিত্ব ব্যায়। শ্রুতিবাকাটীর তাংপর্যা এই—ব্রহ্মবস্ত হইলেন বিজ্ঞান (জড়বিরোধী—অজড়, চিন্ময়) এবং আনন্দ বা স্থুখ (তুংখ-বিরোধী—তাঁহাতে তুংখের ছায়াও নাই)। এই তুইটী তাঁহার গুণ বা ধর্ম—স্বরূপশক্তির ক্রিয়ায় উদ্ভূত। শক্তি ও শক্তিমানের আত্যন্তিক অভেদ মনে করিতে গেলে এই তুইটী শব্দের ব্যঞ্জনাতেও আত্যন্তিক অভেদ—অর্থাং এই তুইটী শব্দকেও সম্যক্রপে একার্থবাধক—মনে করিতে হয়। তাহাতে পুনক্তি-দোষ অনিবার্যা। কিন্তু শ্রুতিতে এইরূপ পুনক্তি-দোষ স্বীকার করা যায় না।

এইরপে শ্রীঙ্গীব দেখাইয়াছেন—শক্তিও শক্তিমানে অত্যপ্ত অভেদ আছে মনে করিতে গেলে অপরিহার্য্য দোধ আসিয়া উপস্থিত হয়।

প্রীজীব বলেন, কেবল ভেদ স্বীকার করিলেও অপরিহার্য দোষ দেখা দেয়। এস্থলেও তিনি পুর্বোদ্ধিত বৃহদারণ্যকের "বিজ্ঞানম্ আনন্দম্ ব্রহ্ম"-বাক্য নিয়া বিচার করিয়াছেন। এস্থলে বিজ্ঞান এবং আনন্দকে সম্যক্রপে অভিন মনে করিলে যে পুনক্জিদোঘ ঘটে, তাহা পূর্বেই বলা হইয়াছে। আবার সম্যক্রপে ভিয়ার্থ-স্চক মনে করিলেও ব্রহ্মে স্থগত-ভেদ স্বীকার করিতে হয়; কিন্তু তাহাও দোবের, যেহেতু ব্রহ্ম হইলেন স্ক্রবিধ ভেদরহিত

আছয়তত্ত্ব। "কিমিহ বিজ্ঞানানন্দশকো একাথোঁ ভিন্নার্থো বা ? নাজঃ—পোনকজ্যাৎ। অন্তাশ্চেৎ বিজ্ঞানত্তমানন্দত্বক তাত্তিক স্মিন্নেব ইতি তাদুশস্থগতভেদাপত্তিঃ॥ সর্বসম্বাদিনী। ৩৮ পৃঃ॥"

শীজীবগোস্বামী ভেদ এবং অভেদ সম্বন্ধে অনেক বিচার করিয়াছেন। শেষকালে সিদ্ধান্ত করিয়াছেন—শক্তি এবং শক্তিমানের মধ্যে কেবল ভেদ আছে মনে করিতে গেলেও অনেক দোষ দেখা দেয়, আবার কেবল অভেদ মনে করিতে গেলেও অনেক দোষ দেখা দেয়। তর্কের দ্বারাও নির্দোষ সিদ্ধান্তে পৌছান যায় না। তাই শক্তি ও শক্তিমানের ভেদ সাধন করা যেমন তুম্বর, অভেদ সাধন করাও তেমনি হুম্বর। এজন্ত কেহ কেহ, ভেদাভেদ-সাধনে চিন্তার অসমর্থতাপ্রযুক্ত অচিন্তা-ভেদাভেদবাদই শীকার করেন। "অপরেতু তর্কাপ্রতিষ্ঠানাৎ (বাং স্থ: ২০১০১) ভেদেহপ্যভিদেহির নির্ম্বাদিদোযসন্ততিদর্শনেন ভিন্নতয়া চিন্তায়িতুমশক্তিমাদভেদং সাধ্যন্তঃ ত্রদভিন্নতয়াপি চিন্তায়তুম্ অশক্যত্বাদ্ ভেদমপি দাধ্যন্তোহচিন্তা-ভেদাভেদবাদং শীকুর্বন্তি॥ সর্ব্যাদিনী। ১৪০ পৃঃ॥"

কিন্তু পূর্ব্বোক্ত আলোচনায় দেখা গিয়াছে, শক্তি এবং শক্তিমানের মধ্যে কেবল অভেদ-মনন করিতে গৈলেও এক সমস্তার উদ্ভব হয়, যাহার কোনও সমাধান পাওয়া যায় না। আবার কেবল ভেদ-মনন করিতে গেলেও এক সমস্তার উদ্ভব হয়, যাহার কোনও সমাধান পাওয়া যায় না। তাই, বাধ্য হইয়া ভেদ এবং অভেদ এই উভয়ের যুগপং বিভয়ানতা স্বীকার করিতে হইতেছে। কিন্তু এই স্বীকৃতির মূলে, সমস্তা-সমাধানের অসামর্থ্য ব্যতীত অন্ত কোনও যুক্তি নাই। এই অবস্থায় কোনও স্থির সিদ্ধান্তে উপনীত হওয়া সম্ভব কিনা এবং সম্ভত কিনা ?

এই প্রশ্নের উত্তর পাওয়া যায় বিষ্ণুপুরাণে। বিষ্ণুপুরাণ বলেন—"শক্তয়ঃ সর্বভাবানামচিন্তাজ্ঞানগোচরাঃ॥ ১৩।২॥—সমস্ত ভাববস্তুরই শক্তিসমূহ অচিন্তা-জ্ঞানগোচর।" যে জ্ঞান কোনও যুক্তি-তর্কদারা প্রতিষ্ঠিত হইতে পারে না, অথচ প্রতাক্ষ সত্য বলিয়া যাহাকে স্বীকার না করিয়াও পারা যায় না, তাহাই হইল অচিস্তা-জ্ঞান। ইহাকে অর্থাপত্তি-জ্ঞানও বলে। মিশ্রী মিষ্ট; কিন্তু কেন মিষ্ট? যবক্ষার তিক্ত ; কিন্তু কেন তিক্ত ? বিষ খাইলে মামুষ মরে, তুধ থাইলে মরে না; কিন্তু কেন? এ সমস্ত কেন'র কোনও উত্তর নাই, এসকল সমস্তার কোনও সমাধান নাই। কিন্তু উত্তর নাই বা সমাধান নাই বলিয়া—অর্থাৎ মিশ্রী কেন মিষ্ট, ধবক্ষার কেন তিজ্ঞা, বিষ খাইলে কেন মাল্ল্য মরে, তুধ থাইলে কেন মরে না, কোনওরূপ যুক্তি-তর্কদারা এসমস্ত প্রমাণ করা যায় না বলিয়া— মিশ্রীর মিষ্টত্ব, যবক্ষারের তিক্তত্ব অস্বীকার করা যায় না। ´এইরূপ, মিশ্রীর মিষ্টত্বের জ্ঞান, যবক্ষারের তিক্তত্বের জ্ঞান— এসমস্ত জ্ঞানকেই বলা হয়, অচিন্ত্য-জ্ঞান বা অর্থাপত্তি-জ্ঞান। মিষ্টত্ব হইল মিশ্রীর শক্তি, তিক্তত্ব হইল যবক্ষারের শক্তি। তাই মিশ্রী-আদির শক্তির জ্ঞান হইল অচিস্তা-জ্ঞান। বিষ্ণুপুরাণ বলেন-সমস্ত বস্তুর শক্তির জ্ঞানই অচিন্ত্য-অচিন্ত্য-জ্ঞানের-অন্তর্ভু, অচিন্তা-জ্ঞান-গোচর। আগুনের যে উত্তাপ আছে, কম্বরীর যে গন্ধ আছে— আমরা ইহা কেবল জানিয়া রাখিতে পারি, প্রমাণ করিতে পারি না। আধুনিক বিজ্ঞানও বস্তর এই জাতীয় শক্তির হেতু নির্ণয় করিতে পারে না, বস্তুর ধর্ম বা শক্তি আবিষ্ধার মাত্র করিতে পারে; কোন্ বস্তু বিষরূপে মারাত্মক, তাহা বলিতে পারে; কিন্তু কেন তাহা মারাজ্বক, তাহা বলিতে পারে না। অফ্রজান এবং উদক্ষান মিলিয়া জ্ল হয়. বিজ্ঞান তাহা বলিতে পারে; কিন্তু কেন হয়, তাহা বলিতে পারে না। তুইভাগ উদকজান এবং একভাগ অমুজ্ঞান মিশাইলে জল হয়; কিন্তু অমুজান ও উদকজান সমপবিমাণে মিশিয়া জল উৎপাদন করিতে পারে না-বিজ্ঞান-তাহা বলিতে পারে; কিন্তু কেন এরপ হয় বা হয় না, তাহা বলিতে পারে না; কিন্তু কারণ বলিতে পারে না বলিয়া—যাহা হয় বা হয় না বলিয়া প্রত্যক্ষ দেখা যায়, তাহাকে অস্বীকার করার উপায় নাই; বিজ্ঞান তাহা অস্বীকার করেও না। এইভাবে যাহা স্বীকার করিয়া লইতে হয়, তাহাই অচিন্ত্য-জ্ঞান।

শক্তি এবং শক্তিমানের মধ্যে যে ভেলাভেদ সম্বন্ধ, তাহাও এইরপই অচিস্ত্য-ব্যাপার। ভেদ এবং অভেদ—এই উভয়ের যুগপং-বিভ্যানতা দেখা যাইতেছে, স্ক্রাং স্থীকার না করিয়া পারা যায় না; অপচ কোনওরূপ যুক্তিতর্কদার। তাহা প্রমাণ করা যায় না। তাই শক্তি এবং শক্তিমানের মধ্যে সম্বন্ধটী হইল অচিম্যা-ভেদাভেদ সম্বন্ধ।

প্রি অচিস্তা-ভেদভেদ-বাদ যে প্রীজীবগোস্থামীরও নিজ্প মত, তাহা তিনি স্পার্টাক্ষরেই স্বীকার করিয়া গিরাছেন। "প্রনতেতু অচিস্তাভেদাভেদাবেব অচিস্তাশক্তিময়্বাদিতি। সর্বস্বাদিনী। ১৪০ পৃঃ॥" "অচিস্তা"-শব্দে তিনি যে প্রেলিমিত বিষ্ণুপ্রাণাক্ত শ্লোকের অচিস্তা-শব্দের অর্থের প্রতি লক্ষ্য রাথিয়াছেন, শ্রীমদ্ভাগবতের "স্বং রক্তম ইতি ত্রিবৃদ্দেমাপে"-ইত্যাদি ১০০০-শ্লোকের টীকা হইতেই জানা যায়। এই শ্লোকের জনসন্দর্ভ-টীকায় বিষ্ণুপ্রাণের উল্লিখিত "শক্তয়ঃ সর্বভাবানান্"-ইত্যাদি শ্লোকটি উদ্ধৃত করিয়া তিনি লিখিয়াছেন—"লোকে সর্বের্বাং ভাবানাং পাবকস্ত উষ্ণতাশক্তিবদচিস্তাজানগোচরাঃ শক্তয়ঃ সন্ত্যেব। অচিস্তা ভিন্নভিন্নছাদিবিকরৈঃ চিন্তাম্বিত্মশক্ষাঃ কেবলম্ অর্থাপত্তিজ্ঞানগোচরাঃ শক্তয়ঃ সন্ত্যেব। অচিস্তা ভিন্নভিন্নছাদিবিকরৈঃ চিন্তাম্বিত্মশক্ষাঃ কেবলম্ অর্থাপত্তিজ্ঞানগোচরাঃ। —অগ্লির উষ্ণতার হায় প্রপঞ্চগত সমস্ত বস্ততেই অচিস্তা-জ্ঞানগোচর দিক্ত আছে। ভিন্নকেশে বা অভিন্নকেশে চিন্তা করার হৃদ্ধরতাই অচিস্তাতা। ইহা কেবল অর্থাপত্তিজ্ঞানগোচর।" স্বিস্থাদিনীতেও তিনি উক্ত বিষ্ণুপ্রাণ-শ্লোকের উক্তরণ ব্যাখ্যা করিয়া উপসংহারে লিথিয়াছেন—"ব্রদ্ধঃ প্রস্তাণ্ডা বির্বাং শক্তয়ঃ, পরাস্ত শক্তিবিবিধৈর শ্লেরতে, স্বভাবিকী জ্ঞানবল্ঞিয়াচ ইত্যাদি শ্রুতঃ। ৫০ পৃঃ॥" ব্রহ্ম এবং তাহার শক্তির মধ্যেও যে ঐরপ অভিস্তা-ভেদভেদ-সম্বন্ধ, তাহাই শ্রুতিপ্রমাণ উদ্ধৃত করিয়া শ্রীজীব এন্থলে বলিলেন।

শ্রীজীবগোস্বামীর এই অচিন্তা-ভেদভেদ-বাদ অতাস্ত ব্যাপক। প্রাকৃত এবং অপ্রাকৃত—উভয় রাজ্যেই ইহার ব্যাপ্তি আছে, উভয় রাজ্যের শক্তি এবং শক্তিমানের মধ্যেই অচিন্তা-ভেদভেদ সম্বন্ধ।

জাবি, মায়া, কাল এবং কর্ম এসমস্ত হইতে ব্রেন্মের স্পুটিকারিণী শব্দির যোগে জগতের স্পুটি। জীব, মায়া, কাল ও কর্ম—এসমস্তই ব্রেন্মের শব্দি। স্ত্রাং এই জগংও ব্রেন্মের শব্দি।

জীবতত্ত্ব প্রবন্ধে দেখান ইইয়াছে—জীব ব্ৰহ্মের শক্তি।

সমস্ত ভগবদ্ধাম হইল ত্রন্ধের স্বরূপ-শক্তির বিলাস, স্ক্তরাং স্বরূপতঃ ব্রন্ধেরই শক্তি।

সমস্ত লীলাপরিকরও ত্রন্ধেরই স্বরূপ-শক্তিরই মূর্ত্তরূপ, তাই তাঁহারাও স্বরূপ-শক্তি।

তাহা হইলে বুঝা গেল, এই পরিদৃশ্যমান মায়িক ব্রহ্মাণ্ড হইতে আরম্ভ করিয়া জীব, ভগবদ্ধাম এবং লীলা-পরিকরাদি সমস্তই ব্রহ্মের শক্তি বলিয়া এ-সমস্তের সঙ্গে—কেবলমাত্র জীবের সঙ্গে নহে, পরস্ক সমস্তের সঙ্গেই— ব্রহ্মের হইল অচিস্তা-ভেদভেদ-সম্বন্ধ।

প্রশ্ন ছইতে পারে, জ্বাদাদি কি ব্রহ্মের কেবলই শক্তি? যদি তাহাই হয়, তাহা হইলে শক্তি ও শক্তিমানের মধ্যে অবিচ্ছেত্তত্ব থাকিল কোথায়? আর অবিচ্ছেত্তত্ব না থাকিলে অচিস্তা-ভেদাভেদ-তত্ত্বই বা প্রতিষ্ঠিত হইতে পারে কিরপে?

উত্তরে বলা যায়, জগদাদি শক্তিমদ্বিরহিত কেবল শক্তি নয়। শ্রীমদ্ভাগবতের "পরস্পরাত্নপ্রেশাৎ তথানাং পুরুষ্থিত। ১১ ২২।৭॥"—ইত্যাদি শ্লোকপ্রমাণবলে শ্রীজীবগোস্বামী তাঁহার পরমাত্মদদর্ভে শক্তি এবং শক্তিমান্—
ত্রতত্ত্যের পরস্পর অনুপ্রবেশ স্বীকার করিয়াছেন। (পরমাত্মদদর্ভ। ৩৪)। তদনুসারে জানা যায়—ব্রহ্মের স্রাপশক্তি, মায়াশক্তি এবং জীবশক্তি এই তিন্টী শক্তির প্রত্যেকটীর সঙ্গেই ব্রহ্মের পরস্পরাত্মপ্রবেশ আছে। তাই
সর্বব্রেই শক্তি এবং শক্তিমান্ অবিচ্ছেগভাবে বিরাজিত।

শুনিত চিত্রেং ভগবতি হানস্তে জগদীখরে। ওতং প্রোত্মিদং যশ্মিন্ তল্পক যথা পটা। শ্রীভা, ১০।১৫।৩৫॥ এতৌ হি বিশ্বস্তা চ বীজ্যোনী রামো মুক্লঃ পুরুষঃ প্রধানম্। অস্বীয় ভূতেষু বিলক্ষণস্ত জ্ঞানস্ত চেশাত ইমৌ পুরাণোঁ॥ শ্রীভা, ১০।৪৬।৩১॥ অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জান। বিষ্টভাছ মিদং রুৎসংমকাংশেন স্থিতং জ্ঞাৎ॥ গ্রীভা, ১০।৪২॥ ইত্যাদি প্রমাণবলে মায়াশক্তিতে ব্রহারে অন্প্রবেশের কথা জানা যায়। "এতদীশনমীশস্ত

প্রকৃতিস্থাইপি তদ্গুণৈ:। ন যুজ্যতে সদাত্মহৈ র্থা: বুদ্ধিস্তদাশ্রা॥ প্রীভা, ১৷১১,৩৯॥"-ইত্যাদি প্রমাণবলে ইহাও
জানা যায় যে, মায়াশক্তিতে অনুপ্রবিষ্ট হইয়াও ব্রহ্ম মায়াদ্যরা অম্পৃষ্টই থাকেন।

জ্বীবতত্ত্ব-প্রবন্ধে দেখান হইয়াছে—জীবশক্তিদারা অন্তপ্রবিষ্ট ব্রন্ধের অংশই জীব।

আর ব্রেক্সের আনন্দ এবং স্বরূপশক্তি এতৃত্ভয়ের প্রস্পর-অনুপ্রবিষ্ট বস্তুর বিকাশই অনস্ভ ভগ্বদাম, লীলা-প্রিকির, অনস্ভ ভগবং-স্বরূপ, নির্কিশেষ সিদ্ধলোক, নির্কিশেষ ব্রহ্ম এবং কারণার্ণব।

ভগবানের অনস্ত অপ্রাক্ত গুণাদিও তাঁহার স্বরূপশক্তিরই বৃত্তি—স্কুতরাং স্বরূপতঃ তংসমস্তও শক্তি।

এইরপে দেখাগেল, পরিদৃশ্যমান্ মায়িক ব্রহ্মাণ্ড হইতে আরম্ভ করিয়া প্রাক্ত এবং অপ্রাক্তরজ্যের সমস্ত বস্তব সংক্ষেই ব্রহ্মের অচিষ্ট্য-ভেদাভেদ সম্বন্ধ। তাই বলা হইয়াছে, গৌড়ীয় বৈষ্ণবাচার্যাদের এই তত্ত্বটী অত্যস্ত ব্যাপক। এতবড় ব্যাপক তত্ত্বের কথা আর কেহই বলেন নাই। এই তত্ত্বের আরপ্ত বিশেষত্ব এই যে, ইহাতে সকল প্রতিবাক্যের প্রতিই সমান মর্যাদা প্রদর্শিত হইয়াছে, ব্যবহারিক বা প্রাতীতিক বলিয়া কোনপু প্রতিবাক্যের প্রতি উপেক্ষা দেখান হয় নাই, জীব-জগতাদি সত্যবস্তর মিধ্যাত্ব প্রতিপাদন করা হয় নাই, ব্রহ্মের শক্তি অম্বীকার করিয়া ব্রহ্মকেও শ্রুত্বের পর্যায়ে নেওয়া হয় নাই, মায়ারপ স্বতি-শ্রুতিবিহিত সন্তোয়জনক সমাধান পাওয়া যায়, ম্ধ্যাবৃত্তি ত্যাগ করিয়া প্রতিবাক্যের ব্যাখ্যানে অবৈধ ভাবে লক্ষণার আশ্রম্ভ নিতে হয় না।

জীব-ব্ৰেমের ভেদবাচক এবং অভেদবাচক প্রস্পার-বিরোধী শ্রুতিবাকাগুলির অতি সুন্দর সময়য়ও এই অচিস্তা-ভেদভেদত্ব হেইতে পাওয়া যায়। জীব-প্রমোর মধ্যে অচিস্তা-ভেদভেদ সহন্ধ বলিয়া, ভেদবাচক শ্রুতিবাকো ভেদদৃষ্টির প্রাধান্য এবং অভেদবাচক শ্রুতিবাকো অভেদদৃষ্টির প্রাধান্য স্থাচিত হইতেছে। আর, জাব ব্যামেরে শক্তিরপ অংশ বলিয়া (জীবতত্ব প্রবন্ধ দুষ্টব্য) অংশ-অংশী জ্ঞানে জীব-ব্যামের ভেদাভেদ বলা হইয়াছে।

**অবয়-ভত্ত।** এক্ষণে প্রশ্ন হইতেছে, শক্তি স্বীকার করিলে ব্রেমোর অবয়ত্ব কিরেপে রক্ষিত হইতে পারে। শক্তি স্বীকার করিলেই ভেদ স্বীকার করিতে হয়, ভেদ স্বীকার করিলেই আর অবয়ত্ব থাকে না। এই প্রশ্নের উত্তর দেওয়া হইতেছে।

প্রথমে বিবেচনা করা যাউক, ভেদ কাহাকে বলে। একটা শর্করা-পিণ্ডের উপরি অংশে কোনওস্থলে যদি একটা চিহ্ন দেওয়া হয়. তাহা হইলে এই চিহ্নিত অংশকে সমগ্র পিণ্ড হইতে ভিন্ন বলা হয় না, যেহেতু, ইহা শর্করা-পিণ্ডেরই অস্তর্ভুক্ত এবং শর্করাপিণ্ডের অপেক্ষা রাথে—শর্কবা-পিণ্ড আছে বলিয়াই চিহ্নিত-অংশের অস্তিত্ব, শর্করা-পিণ্ডেরী না থাকিলে তাহার অস্তিত্ব থাকেনা। চিহ্নিত অংশটী অন্যনিবপেক্ষ নহে বলিয়া, ইহা শর্করা-পিণ্ডের অপেক্ষা রাথে বলিয়া শর্করা-পিণ্ড হইতে ভিন্ন নয়, ইহাব সহিত শর্করা-পিণ্ডের ভেদ নাই। তদ্রেপ, রুক্ষের শাখা-পত্যাদির সহিত্ব বৃক্ষের ভেদ নাই, যেহেতু শাখা-পত্যাদি বৃক্ষের অপেক্ষা রাথে। এইরূপে দেখা গেল, যাহা কোনও বস্তর অপেক্ষা রাথে, তাহাকে সেই বস্তর ভেদ বলা হয় না।

আবার একটা আমগাছ ও একথানা মটরগাড়ী; ইহাদের ভেদ সর্বজন-বিদিত। ইহারা পরস্পর নিরপেক্ষ। গাড়ী না থাকিলেও গাছটা বাঁচিতে পারে, গাছটী না থাকিলেও গাড়ীখানা টিকিয়া থাকিতে পারে। এই তুইটা বস্তু পরস্পর-নিরপেক্ষ বলিয়াই ইহাদের মধ্যে ভেদ।

এইরপে দেখা গেল—যে ত্ইটা বস্তু পরস্পর-নিরপেক্ষ, তাহাদের মধ্যেই ভেদ বর্ত্তমান, তাহাদের একটাকেই অপরটার ভেদ বলা যায়। কিন্তু যে বস্তুটা অন্য একটা বস্তুর অপেক্ষা রাখে, তাহাকে সেই বস্তুর ভেদ বলা হয় না, ভেদ বলা যায়ও না।

তাহা হইলে, জগদাদি যত কিছু আছে, তাহারা যদি ব্ল-নিরপেক্ষ হয়, নিজেদের অভিয়োদি কোনও বিষয়েই যদি তাহারা ব্লের অপেক্ষা না রাখে—ভাহা হইলেই তাহাদিগকে ব্লের ভেদ বলা চলে। যদি তাহারা তাহাদের উৎপত্তি স্থিতি-আদি-বিষয়ে ব্রহ্মের অপেক্ষা রাথে, ব্রন্ধ না থাকিলে তাহাদের উৎপত্তি-স্থিতি-আদি যদি অসম্ভব হয়, তাহা হইলে তাহাদিগকে ব্রহ্মের ভেদ বলা চলিবে না।

যাহা অন্ত বস্তুর কোনও অপেক্ষা রাথে না, নিজের শক্তিতেই নিজের যাহা কিছু প্রয়োজনীয়, তাহা করিতে পারে, তাহাকেই অন্তনিরপেক্ষ বা স্বাংসিদ্ধ বলে (আলুনৈব সিদ্ধং ধলু স্বাংসিদ্ধমূচ্যতে। তত্ত্বসন্দর্ভ-৫১-টীকায় বলদেববিভাভ্যণ)। ব্রহ্ম হইলেন স্বয়ংসিদ্ধ বা স্ক্রতোভারে অন্তনিরপেক্ষ বস্তা। ব্রহ্মাতিরিক্ত এমন কোনও বস্তু যদি থাকে, যাহা নিজের উৎপত্তি-আদির জন্ম ব্লের কোনও অপেক্ষা রাথে না, তবে তাহা হইবে স্বাংসিদ্ধ বস্তু এবং তাহা হইবে ব্রহ্মের ভেদ।

ভেদ তিন রকমের—সজাতীয়, বিজাতীয় এবং স্বগত। একই বৃক্ষজাতীয় তুইটা গাছ, ষেমন আমগাছ এবং কাঁঠালগাছ; ইহারা একই বৃক্ষজাতীয়, স্থতরাং সমজাতীয় বা সজাতীয়; কিন্তু তাহাদের মধ্যে ভেদ আছে, আমগাছ কাঁঠালগাছ নয়, কাঁঠালগাছও আমগাছ নয়। তাই ইহাদের মধ্যে সজাতীয় ভেদ বর্ত্তমান। এইরপে মান্ত্র্য এবং স্বর্ণের মধ্যে বিজাতীয় ভেদ বর্ত্তমান।

প্রীজীব বলেন—ব্রহ্মের স্বয়ংসিদ্ধ সঞ্চাতীয় ভেদও নাই এবং স্বয়ংসিদ্ধ বিজ্ঞাতীয় ভেদও নাই। "অব্যক্ষাস্ত স্বয়ংসিদ্ধ-তাদৃশাতাদৃশতত্ত্বান্তবাতাবাৎ স্বশক্তোকসহায়ত্বাৎ॥ তত্ত্বদন্দর্ভ। ৫১॥"

ব্দা হইলেন চিদ্বস্ত। জীবও চিদ্বস্ত: ভগবদাম, ভগবং-পরিকর এবং অনস্ত ভগবং-স্কপ—ইহারাও চিদ্বস্ত। স্থতরাং মনে হইতে পারে, ইহারা ব্রদ্ধের সজাতীয় (একই চিং-জাতীয়) ভেদ; কিন্তু ইহারা কেহই স্থাংসিদ্ধ নহেন; ইহারা নিজেদের অন্তিহাদির জন্ম সকলেই ব্রদ্ধের অপেক্ষা রাথেন; ব্রদ্ধ হইতেই ইহাদের উৎপত্তি, ব্রদ্ধের অভাবে ইহাদের অন্তিহুই অসভব। থেহেত্, জীব হইল জীবশক্তিবিশিষ্ট ব্রদ্ধের অংশ এবং ধাম-পরিকর-ভগবংস্ক্রপাদি হইল স্ক্রপ-শক্তিবিশিষ্ট ক্রফের অংশ। ইহারা স্থাংসিদ্ধ নহেন বলিয়া ব্রদ্ধের সঞ্জাতীয় ভেদ হইতে পারেন না। স্থতবাং ব্রদ্ধ হইলেন সঞ্জাতীয় ভেদশ্ন্য।

তৃংখসঙ্গুল জড় মায়িক ব্রহ্মাও, চিদ্বিরোধী। স্থতরাং মনে হইতে পারে, মায়িক ব্রহ্মাও চিৎ-স্বরূপ ব্রহ্মার বিজ্ঞাতীয় ভেদ; কিন্তু তাহা নয়; যেহেতু ব্রহ্মাও স্বয়ংসিদ্ধ নহে; ব্রহ্মাও হইল মায়াশক্তিযুত ব্রহ্মের পরিণতি। মায়া হইল ব্রহ্মেরই শক্তি। স্থতরাং ব্রহ্মের বিজ্ঞাতীয় ভেদও নাই।

"তৎস্বরূপবস্থম্বরাণাং চ তচ্ছজিরপন্থার তৈ: সজাতীয়োহপি ভেদ:। ন চাব্যক্তগত দাডাত্রংথাদিভিবিজ্ঞাতীয়ে। ভেদ: অব্যক্তস্থাপি তচ্ছজিরপত্নাং। সর্বসংবাদিনী। ৫৬ প্র:।"

রক্ষের স্বগতভেদও নাই। স্বগত অর্থ নিজের মধ্যে। স্বগত-ভেদ বলিতে আভ্যন্তরীণ ভেদ ব্ঝায়। যে বস্তুর একাদিক উপাদান আছে, উপাদানভেদে তাহার মধ্যেই স্বগত-ভেদ থাকিতে পারে। যেমন দালানের ইট; চূণ, লোহা, কাঠ ইত্যাদি; এই সমস্ত উপাদান পরস্পার বিভিন্ন; ইহারা দালানের স্বগত-ভেদ। আবার উপাদানের বিভিন্নতাবনতঃ তাহাদের উপর শক্তির ক্রিয়াও বিভিন্ন হইবে। পরস্পারের সহিত তাহাদের মিলনে পরিমাণের তারতমান্ত্সারে দালানের বিভিন্ন অংশে কোনও শক্তির ক্রিয়াও বিভিন্ন রূপে অভিব্যক্ত ইইবে; শক্তিক্রিয়ার এইরূপ বিভিন্ন অভিব্যক্তি বা বিভিন্ন অভিব্যক্তির হেতুও দালানের স্বগত ভেদ। ব্রুক্তে এক্রপ কোনও ভেদ থাকিতে পারে না; কারণ, ব্রন্ধ হইলেন চিদ্ধন বা আনন্দমন বস্তা। ব্রুক্তে তিদ না পাকাতে ব্রুক্তের নাই; ব্রুক্তে একই চিদ্বস্ত বা আনন্দবস্ত একই ভাবে সর্ব্বিরাজ্বিত। উপাদানগত ভেদ না পাকাতে ব্রুক্তের যে কোনও অংশেই যে কোনও শক্তি অভিব্যক্ত হইতে পারে। জীবের জড়দেহ ক্ষিতি, অপ, তেজ-আদি পঞ্চভূতে নির্মিত; এই পঞ্চভূতের পরিমাণও দেহের সর্ব্বির সমান নহে; চক্ষুতে তেজের ভাগ বেশী বলিয়া চক্ত্র দৃষ্টিশক্তি আছে, কিন্তু শ্রেণণক্তি নাই; কর্ণে মক্রতের ভাগ বেশী বলিয়া কর্ণের শ্রেণশক্তি আছে, কিন্তু শ্রেণশক্তি নাই; কর্ণে মক্রতের ভাগ বেশী বলিয়া কর্ণের শ্রেণশক্তি আছে, কিন্তু শ্রেণশক্তি নাই; কর্ণে মক্রতের ভাগ বেশী বলিয়া কর্ণের শ্রেণশক্তি আছে, কিন্তু দেশ্বিক লাই। ইত্যাদি। এসমন্ত হইল জীবদেহের স্বত্তেদে। চিনেকর্মপ ব্রন্ধবস্ততে বিভিন্ন

উপাদান নাই বলিয়া এঞ্চাতীয় পার্থক্য থাকিতে পারে না। তাই ব্রহ্মদংসংহিতা বলিয়াছেন "অঙ্গানি যশ্র সকলেন্দ্রিয়-বৃত্তিমন্তি। তাঁহার সকল অঙ্গই সকল ইন্দ্রিয়ের শক্তি ধারণ করে।" ইহা তাঁহার স্বগতভেদহীনতার পরিচায়ক।

একটা চিনির পুত্ল; তাহার হাত, পা, নাক, কান-ইত্যাদি আছে; সুতরাং আপাতঃদৃষ্টিতে পুত্লটার স্থাতভেদ আছে বলিয়া মনে হইতে পারে; কিন্তু তাহার সর্ব্যেই একরপ মিষ্ট্রত বিরাজিত, একই উপাদান; স্থাতরাং বস্তুতঃ স্থাত-ভেদ নাই। ভিন্ন ক্রিয়ার উৎপাদনেই ভেদ ব্বাইতে পারে। পুত্লের দর্বাইই একই ক্রিয়া—মিষ্ট্র। পূর্বোলিখিত ব্দানংহিতাবাকা হইতেও জানা যায়, ব্দােরও সর্ব্যেই ক্রিয়াসামা। স্থাতরাং স্থাতভেদ আছে বলিয়া মনে করা যায় না। ইহা হইল ব্দাের স্থাতভেদহীনতার একটা দিক। আরও বিবেচনার বিষয় আছে।

এখন আবার প্রশ্ন হইতে পারে, এন্দার তো অনেক রূপের কথা শুনা যায়। তাঁহার যদি অনেক রূপ থাকে, তাহার স্বরূপভেদ শীকার করিতেই হইবে। ইহার উত্তরে শ্রীকীবগোস্বামী তাঁহার দর্বস্থাদিনীতে বেদান্তের "ন ভেদাদিতি চেন্ন প্রত্যেক্ষেত্র হচনাং॥ ৩,২।১২॥"-স্থ্রের উল্লেখ করিয়াছেন। এই স্থ্রের গোবিন্দভায়ের মর্ম এইরূপ। "এতদ্রেদ্ধ অপুর্বম্ অনপরম্, অনন্তরম্ অবাহ্যম্ আত্মা ব্রদ্ধ সর্বাহ্মভূতিরিত্যমূশাসনমিতি বৃহদারণ্যকে সর্বোষাং রূপাণামৈক্যোক্তেরিত্যর্থ:। —এই ব্রদ্ধ অপূর্বর্ম, অনপর, অনন্তর, অবাহ্য, আত্মা, ব্যাপক এবং স্বাহ্মভূতিস্বরূপ—বৃহদারণ্যক-শ্রুতির এই বাক্যে অনন্তর্থকাশে (বহুরূপেও) ব্রেদ্ধের এক ভাবই ব্যক্ত হইয়াছে।"

এই প্রসঙ্গে শ্রীজীব বেদান্তের পরবর্ত্ত্ব স্থান্তেরও উল্লেখ করিয়াছেন। "অপি চৈবমেকে॥ এ২।১৩॥"—এই স্ত্রের গোবিন্দভায় বলেন—কোনও কোনও বেদশাখাধায়ী বলেন, ব্রহ্ম অমাত্র এবং অনন্তমাত্র; উহাদের মতে ব্রহ্ম অভিন্ন এবং অনন্তর্মাত্র। অমাত্র অর্প—স্থাংশভেদশৃত্য; আর অনেকমাত্র অর্থ—অসংখ্য-স্থাংশবিশিষ্ট। তাৎপর্যা এই যে—তাঁহার অংশের ভেদ নাই, সংখাও নাই। (কথাগুলি পরস্পর-বিরোধী বলিয়া মনে হয়; সমাধান এই)। স্মৃতি বলেন—একই পরমেশ্বর বিষ্ণু যে সর্বত্র অবস্থিত, তাহাতে সংশয় নাই। তিনি এক হইয়াও স্থীয় ঐশ্বর্যাপ্রভাবে স্থা্রের তায় বহুরূপে প্রতিভাত হইয়া থাকেন। (একোহপি সন্ যো বহুধাবভাতি—শ্রুতি)। বৈছ্র্যামণি যেমন দ্ব্রাভেদে বহু রূপে প্রতিভাত হয়, অভিনয়কারী নট যেমন অনেক প্রকার ভাব প্রকাশ করিয়াও নিজে একই স্বরূপে অবস্থিত থাকে, তত্রপ ব্রহ্ম ধ্যানভেদে বিভিন্ন রূপে প্রতিভাত হইলেও স্বীয় স্বরূপ ত্যাগ করেন না। (একই স্বর্বার ভাত্তের ধ্যান-অম্বর্গণ। একই বিগ্রহে ধ্বে নানাকারর্গণ। ২০০১৪১॥)।

উক্ত বেদাস্তস্থ্যের মর্ম হইতে জানা গেল, ব্রহ্ম বছরপে প্রতিভাত হইয়াও তাঁহার একরপতা ত্যাগ করেন না বছরপেই তিনি একরপ। বছম্র্ত্যেকম্র্ত্তিকম্ (শ্রীভা)। ব্রহ্ম কথনও একরপতা ত্যাগ করেন না বিশ্বাই তাঁহাতে স্বগতভেদের অভাব স্থাচিত হইতেছে।

শ্রীজ্ঞীব উক্ত আলোচনার উপসংহারে বলিয়াছেন—অক্সবস্তুর প্রবেশদারা তাঁহার একরপতা কখনও নষ্ট হয় না বলিয়া তাঁহাতে স্বগত ভেদ থাকিতে পারে না। স্বর্ণ যথন কুণ্ডলরপে প্রতিভাত হয়, তখন তাহাতে স্বগত-ভেদ জন্মিয়াছে বলিয়া মনে হইতে পারে; কিন্তু তাহাতে অক্স বস্তু প্রবেশ করে না বলিয়া, স্বর্ণ অবিকৃতভাবে স্বর্ণই থাকিয়া যায় বলিয়া স্বগত-ভেদ জন্মিয়াছে বলা যায় না। "তদেবং স্বগতভেদে ত্বপরিহার্যো স্বর্ণরত্নাদিঘটিতৈককুণ্ডলবদ্ বস্তুত্রবপ্রবেশেনের স প্রতিপেধাত ইতি স্থিতম্। স্ক্রস্থাদিনী। ৫৬ পৃঃ।" এই দৃষ্টাস্ত হইতে মনে হয়, ব্রন্ধে কোনও সময়েই চিদ্বাতীত অক্স কোনও বস্তুর প্রবেশ অসম্ভব বলিয়াই ব্রন্ধকে তিনি স্বগতভেদশ্বা বলিতেছেন।

এ বিষয়ে একটু নিবেদন আছে। ব্রহ্ম স্বীয় স্বরূপের একত্ব রক্ষা করিয়াও যে সকল বিভিন্ন রূপে প্রতিভাত হন, সে সমস্ত বিভিন্ন রূপকেই বিভিন্ন ভগবং-স্বরূপ বলা হয়। এসমস্ত ভগবং-স্বরূপের যে স্বতন্ত্র সন্তা নাই, পরব্দ্বাই এ সমস্ত রূপে প্রতিভাত হন, অথবা স্বীয় বিগ্রহেই এ সমস্ত রূপ প্রকটিত করেন, একথা শ্রীমন্মহাপ্রভূও বিলিয়াছেন। "একই ঈশার ভক্তের ধ্যান অন্ত্রূপ। একই বিগ্রহে ধ্রে নানাকাররূপ॥" "একোহপি সন্ যো

বহুধাবভাতি ।"— এই শ্রুতিবাক্যও তাহাই বলেন এবং উপরি-উদ্ধৃত বেদান্তপুত্র হইতেও তাহাই জানা যায়। তথাপি কিন্তু এসমন্ত রূপকে — বয়ংসিদ্ধ পৃথক রূপ মনে না করিলেও— আনেকে ব্রেন্ধরই পৃথক পৃথক রূপ মনেকরেন। অর্জুন শ্রীকৃষ্ণবিগ্রহে বিশ্বরূপ দেখিয়াছিলেন; কিন্তু এই বিশ্বরূপকে শ্রীকৃষ্ণরূপই মনে করেন নাই; তাই তাঁহার চির-পরিচিত রূপ দেখাইবার নিমিত্ত শ্রীকৃষ্ণের নিকটে তিনি প্রার্থনা জানাইয়াছিলেন। দেবকী-বন্ধদেব কংস-কারাগারে প্রথমে শঙ্খচক্র-গদা-পদ্মধারী চতুর্ভু জ রূপ এবং পরে দ্বিভুজ নরশিশুবং রূপ দেখিয়াছিলেন; এই তুই রূপকেও তাঁহারা একেরই তুইটী পৃথক রূপ বলিয়া মনে করিয়াছিলেন। শ্রীমন্মহাপ্রভুর নিমাই-পণ্ডিত-দেহেও নদীয়াবাসী ভক্তবৃন্দ রাম, নৃসিংহ, বরাহ, মহেশ, আদি বিভিন্ন রূপ দেখিয়াছিলেন। তাঁহারাও এসমন্ত রূপকে মহাপ্রভুরই বিভিন্ন রূপ বলিয়া মনে করিয়াছিলেন। এইরূপে বিভিন্ন ভগবং-স্বরূপকে যাঁহারা প্রবৃদ্ধ শ্রীকৃষ্ণেরই বিভিন্ন রূপ বলিয়া মনে করেন, তাঁহারা এসমন্ত রূপকে শ্রীকৃষ্ণের সঞ্চাতীয় ভেদই মনে করেন, কিন্তু স্বয়ংসিদ্ধ-সজ্ঞাতীয়-ভেদ মনে করেন না; তাই তাঁহারা ব্রেন্সর সঞ্জাতীয়-ভেদ নহেন, একথা আমরা পৃর্কেই বলিয়াছি।

আর বাহারা এসমস্ত রূপকে ব্রহ্ম হইতে পৃথক মনে করেন না, এসমস্ত রূপ যে ব্রহ্মেরই বিভিন্ন বৈচিত্রী বা ধর্ম, তাহা বোধ হয় ঠাঁহারা অস্বীকার করিতে পারেন না। কিন্তু তাহা হইলে স্বগতভেদও অস্বীকার করা যায় না—ঘেমন বৃক্ষ এবং তাহার পত্রাদি। আমর। পূর্বেই বলিয়াছি— 'বিজ্ঞানম্ আনন্দম্ ব্রহ্ম'-এই শ্রুতিবাক্যের অন্তর্গত "বিজ্ঞান" এবং "আনন্দ" শব্দ তুইটীকে ভিন্নার্থবাধক মনে করিলে, শ্রীজীবের মতে, ব্রহ্মে স্বগতভেদ স্বীকার করিতে হয়। একই স্বরূপের বিভিন্ন রূপকেও তাহা হইলে স্বগত-ভেদ স্বীকার না করিয়া উপায় নাই। ব্রহ্মের অনন্ত-কল্যাণগুণ-সম্বন্ধেও একথাই বলা চলে। তাহা হইলে ইহার স্মাধান কি ? শ্রীজীব কেন তবে ব্রহ্মকে স্বগতভেদশ্র্য বলিলেন ?

এই প্রশ্নের উত্তর পাইতে হইলে আরও করেকটা বিষয় আলোচনা করা দরকার। সেই বিষয়গুলি এই।
শক্তি স্বীকার করিলেই ভেদ স্বীকার করিতে হয়। ব্রেদ্ধর অবিচ্ছেত্ব স্বাভাবিক শক্তির কথা শ্রুতিতে দৃষ্ট
হয়; জীব এবং জ্বগং-আদি বিবিধ ভেদের কথাও দৃষ্ট হয়। তথাপি শ্রুতি আবার "একমেবাদ্বিতীয়ন্"—ইত্যাদি
বাক্যে ব্রহ্মকে অদ্বর বা ভেদরহিত বলিলেন কেন? ইহাতে ব্রিতে হইবে, জীব-জ্বগং-আদি দৃশ্যমান্ ভেদ
বর্ত্তমান থাকা সত্ত্বেও ব্রহ্ম অন্বয়-তত্ত্ব, ইহাই শ্রুতির অভিপ্রেত। ইহা কিরূপে হয়? "স্বয়ংসিদ্ধ"-শব্দ দারা
শ্রীজীব ইহার সমাধান করিয়াছেন। বস্তুতঃ, স্বয়ংসিদ্ধত্ব না থাকিলে যে কোনও বস্তুকে ভেদ বলা যায় না,
ইহা আমরা পূর্কেই দেখাইয়াছি। শ্রীজীব বলেন, জীব স্বরূপতঃ চিদ্বস্ত বলিয়া ব্রহ্মের সঙ্গাতীয় ভেদ বলিয়া
প্রতীয়মান হইলেও বাস্তবিক সঙ্গাতীয় ভেদ নহে; যেহেতু জীব স্বয়ংসিদ্ধ বা ব্রহ্ম-নিরপেক্ষ নহে। এইরূপে
জ্বগংও স্বয়ংসিদ্ধ বা ব্রহ্ম নিরপেক্ষ নহে বলিয়া ব্রহ্মের বিঞ্বাতীয় ভেদ নহে। শ্রীজীব স্বয়ংসিদ্ধত্বের অভাব দেখাইয়া
এইভাবে ব্রহ্মের সঙ্গাতীয়-ভেদরাহিত্য প্রমাণ করিয়াছেন।

এখন স্থাত-ভেদ সম্বাদ্ধ। "একোহিপি সন্ যো বছধাবভাতি" এবং "বিজ্ঞানমানদাং একা।"-ইত্যাদি বাক্যে প্রাণ্ড ব্রেক্সর স্থাত-ভেদের কথা প্রকাশ করিয়াও কেন আবার তাঁহাকে অদ্যা-তব্ব বলিলেন? ইহাতেও ব্রুমা যায়, এরূপ স্থাতভেদ থাকা সন্ত্তেও ব্রুমা অদ্যা-তব্ব—ইহাই যেন শ্রুতির অভিপ্রায়। পূর্বোল্লিখিত অচাচ্থ এবং আচাচ্ছ ব্রেক্সর ব্যাতভেদ থাকা সন্তেও ব্রুমা অদ্যান্ত এই বেদাস্তম্প্রেদ্বের যে অর্থ দেখান ইয়াছে, তাহাতেও এতাদৃশ স্থাতভেদই প্রতিপন্ন হয়; অথচ প্রীক্ষীবও ব্রুম্বের স্থাতভেদইনিতা-প্রকরণে এই বেদাস্তম্প্রদ্বের উল্লেখ করিয়াছেন এবং এইরূপ স্থাতভেদসন্ত্ত যে ব্রহ্ম স্থাতভিদ্যাত্ত তাংপর্যা এইরূপ বলিয়া মনে হয়। স্থাবা রাত্ত কুণ্ডলাকারে যথন পরিণত হইয়াছে, তথন একটা ভেদ অবশ্রুই প্রাপ্ত হইয়াছে; যেহেত্, কুণ্ডলের আকারাদি স্থাবের বা রন্তের পূর্বাকার নহে। কিন্তু এই নৃতন আকারে বা রন্তের প্রাক্রির করে নাই, ইহাতে পূর্বের স্থাবা রাহুর ব্যুতীত অন্য কিছু নাই—অর্থাং স্থানিরপেক্ষ রা ব্যুমিরপক্ষ কোনও বস্তু কুণ্ডলের নৃতন আকার স্থাবিই (বা রন্তেরই) উপরেই প্রাতিষ্ঠিত; ইছা স্থাবিইই (বা রন্তেরই) একটা রূপ; ইহা এক্সাত্র স্থাবিইই (বা রন্তেরই) অপেক্ষা রাথে, অন্য কোনও বস্তুর

অপৈক্ষা রাথেনা এবং স্বর্ণের (বারত্বের) অপেক্ষা নারাখিলেও ইহার অন্তিত্ব সম্ভব হয় না। অর্থাং কুণ্ডলের আকার স্বর্ণনিরপেক্ষ (বারত্বের) নয়, স্বংসিদ্ধ নয়; তাই কুণ্ডলাকারে স্বর্ণের (বারত্বের) স্বগতভেদ স্বীকার্য্য নয়। তদ্রপ ব্রহ্মের যে সকল বিভিন্নরপে আত্মপ্রকাশ, কিমা তাঁহার যে সকল কল্যাণগুণাদি, তাহারা ব্রহ্ম-নিরপেক্ষ নহে বলিয়া এবং তাহাদের বিকাশে ব্রহ্ম বা তাঁহার স্বর্নপ-শক্তি ব্যতীত অন্য কোনও বস্তব্ব সহায়তা নাই বলিয়া— মর্থাং ত'হারা স্বয়ংসিদ্ধ নহে বলিয়া আপাতঃকৃষ্টিতে ব্রহ্মের স্বগতভেদ বলিয়া মনে হইলেও বাস্তবিক স্বগতভেদ নহে।

শীমদ্ভাগবতের "বদস্তি তত্ত্ববিদ স্তবং যজ্জানমদ্যম্। ব্রেষাতি প্রমাত্মেতি ভগবানিতি শব্দাতে ॥"— এই পূর্বোদ্ধত শ্লোকেই এই অদ্য-তত্ত্বের তিনটা স্বগতভেদের কথা জানা যায়—ব্রহ্ম, প্রমাত্মা এবং ভগবান্। কিন্তু ইহাদের কেহই সেই অদ্য-তত্ত্ব-নিরপেক্ষ অর্থাৎ স্বয়ংসিদ্ধ নহেন। স্কুত্রাং প্রকৃত প্রস্তাবে তাঁহারা স্বগতভেদ নহেন।

এইরপে, আমাদের মনে হয়, সঞ্জাতীয় এবং বিজ্ঞাতীয় ভেদের ন্যায় স্বগতভেদের বিচারেও শ্রীঞ্জীবগোস্বামী স্বয়ংসিদ্বত্বের প্রতি লক্ষ্য রাখিয়াছেন। তাহাতেই তিনি সমস্ত শ্রুতিবাক্যের সঙ্গতি রক্ষা করিয়া ব্রহ্মের অন্ধয়ত্ব স্থাপন করিতে সমর্থ হাস্থাছেন; অথচ কোনও শ্রুতিবাক্যের ব্যাখ্যাতেই তাঁহাকে লক্ষণাবৃত্তির আশ্রম নিতে হয় নাই, ব্যবহারিক বা প্রাতীতিক বলিয়া কোনও শ্রুতিবাক্যের প্রতি উপেক্ষাও প্রদর্শন ক্রিতে হয় নাই।

তাহা হইলে এজীবের মতে—একা হইলেন স্বয়ংসিদ্ধ-স্কাতীয়-ভেদশ্যা, স্বয়ংসিদ্ধ-বিজাতীয়-ভেদশ্যা এবং স্বয়ংসিদ্ধ-স্বগতভেদশ্যা। তাই একা হইলেন অবয়-তত্ত।

শ্রীপাদ শহরও উল্লিখিত ত্রিবিধ ভেদহীনতা দেখাইয়া ব্রহ্মের অন্ধরত্ব স্থাপন করিয়াছেন; কিন্তু তাঁহার প্রা অন্তর্বকম। তিনি ব্রহ্মের শক্তিই অস্বীকার করিয়াছেন; শক্তি অস্বীকার করিলে কোনওরপ ভেদের প্রশ্নই উঠে না। কিন্তু শক্তি অস্বীকারে: জন্ম তিনি শ্রুতিবাকাসমূহের সঙ্গতি রক্ষা করিতে পারেন নাই; এজন্ম তাঁহাকে ব্যবহারিক বা প্রাতীতিক বলিয়া বহু শ্রুতিবাক্যের প্রতি উপেক্ষা প্রদর্শন করিতে হইয়াছে, দৃশ্যমান্ জগদাদির মিধ্যাত্মও প্রতিপন্ন করার চেষ্টা করিতে হইয়াছে এবং তজ্জন্ম ম্থ্যাবৃত্তির সঙ্গতি থাকা সত্ত্বেও লক্ষণাবৃত্তির আশ্রায়ে অনেক শ্রুতিবাক্যের অর্থ করিতে হইয়াছে।

কেবল শ্রুতিবাক্য ধারা নয়, যুক্তিধারাও শ্রীজীব দেখাইয়াছেন, ব্রহ্ম নিঃশক্তিক বা নির্নিশেষ হইতে পারেন না। যে সমস্ত যুক্তিধারা শহ্বাচার্য্য ব্রহ্মকে নিঃশক্তিক প্রমাণ করিতে চাহিয়াছেন, সে সমস্ত যুক্তিতেই যে তিনি জাঁহার অজ্ঞাতসারে ব্রহ্মের শক্তি সাঁকার করিয়াছেন, শ্রীজীব জাঁহার সর্ব্যসমাদিনীতে তাহা দেখাইয়াছেন। একটীমাজ দুইয়ে এহলে দেখান হইতেছে। শ্রীপাদ শহ্বর বলেন—অজ্ঞানবশতঃ রজ্জ্তে রেমন সর্প-শ্রম হয়, শুক্তিতে যেমন রজত-শ্রম হয়, তদ্রুপ ব্রহ্মের হয়য় থাকে। ইহাই জাঁহার বিবর্ত্বাদ বা শ্রমবাদ। শ্রীজীব বলেন, শ্রীপাদ শহর-কথিত শ্রমের পটভূমিকায় আছে রজ্জ্ব বা শুক্তি, আর আছে অজ্ঞান। কিন্তু শ্রমের কর্ত্তা কে ০ রজ্ব বা শুক্তির শক্তির কোনও রূপ অপেক্ষা না রাখিয়া অজ্ঞান যদি কেবল নিজের শক্তিতেই শ্রম জ্মাইতে পরিত, তাহা হইলে বস্তু-নিরপেক্ষ ভাবে যে কোনও বস্তুতেই যে কোনও বস্তুর শ্রম ক্রমাইতে পারিত—শুক্তিতেও সর্পের শ্রম এবং রক্জ্তেও রক্ষতের শ্রম জ্মাইতে পারিত। কিন্তু তাহা পারে না। ইহাতেই বুঝা যায়, এই শ্রম পটভূমিকাছানীয় বস্তু-নিরপেক্ষ নহে। বৃষ্টির জলে বীজ অঙ্ক্রিত হয়, কিন্তু অঙ্ক্রোদ্গম বীজ-নিরপেক্ষ নহে; যে কোনও বীজ হইতেই যে কোনও গাছের অন্তুর জন্মে না—ধানের বীজ হইতে আমগাছের অন্ত্র হয় না। প্রত্যেক বীজের মধ্যেই একটা বিশেষ শক্তি আছে, যদ্বারা বিশেষ বীজ হইতে বিশেষ-গাছেরই অন্ত্র জন্মিতে পারে, অন্ত গাছের অন্ত্র ক্ষমেত পারেন। তদ্রপ, রক্জ্ব মধ্যেও এমন একটা শক্তি আছে, যাহা কেবল রক্ষতের জ্বাইতে পারে, রক্ষতের শ্রম জ্যাইতে পারেন, গুক্তির মধ্যেও একটা বিশেষ শক্তি আছে, যাহা কেবল রক্ষতের শ্রমই জ্যাইতে পারে, রক্ষতের শ্রম জ্যাইতে পারেন। ওক্তির মধ্যেও একটা বিশেষ শক্তি আছে, যাহা কেবল রক্ষতের শ্রমই জ্যাইতে পারে। অজ্ঞান এই বিশেষ শক্তিবিকাশের হেতুমান্ত্রই হয়। তদ্যপ রক্ষেও জগা-ভ্রাইবার্ষ

অমুক্ল শক্তি আছে, নচেং ব্রন্ধের পটভূমিকায় অজান জগতের প্রান্থি জনাইতে পারিত না। এইরূপে দেখা গেল, শুক্তি-রংজুর দুষ্টান্তেও শঙ্করাচার্য্য তাঁহার অজ্ঞাতসারে ব্রন্ধের শক্তি স্বীকার করিয়া লইতেছেন।

বস্তুতঃ, ব্রহ্মকে আনন্দ বা আনন্দময় বলাতেই তাঁহার শক্তি স্বীকার করা হইতেছে। শক্তিহীন আনন্দের কোনও অর্থই নাই। আনন্দের সঙ্গেই সক্রিয়তা, গতিশীলতা, লোভনীয়তা অবিচ্ছেত ভাবে বিজ্ঞতি। লৌকিক জ্বগতেও দেখা যায়, ছোট শিশু আনন্দের উচ্ছাদে হাদে, নাচে, গায়, দৌড়াদৌড়ি ছুটাছুটি করে। আনন্দের প্রিমাণ্যত বেশী, আনন্দ-চঞ্চলতাও তত বেশী। প্রাকৃত জগতে বিশুদ্ধ আনন্দ নাই, আনন্দের আভাসমাত্র আছে; তাহারই এত প্রভাব। ব্রহ্মে বিশুদ্ধ, পূর্ণ এবং চেতন আনন্দ; এই আনন্দের প্রভাবও অনির্বাচনীয়। এই আনন্দের প্রভাবেই ব্রন্সের পরিপূর্ণ আনন্দ-চঞ্চলতা, অপরিদীম আনন্দের উচ্ছাস। "লোকবতু লীলাকৈরল্যন্"-স্বত্তে বেদাস্তও ইহা স্বীকার করিয়াছেন। যিনি আনন্দস্বরূপ বা আনন্দময়, তিনি কখনও নিশ্চল নিচ্ছিয় হইতে পারেন না। স্চিদানন্দ ব্রেক্ষর সং-রূপতা, চিদ্রূপতা এবং আনন্দরূপতা—সমস্তই উচ্ছাসময়। তাঁহার সং-রূপতা কেবল তাঁহার স্বীয় স্বরূপের সভাতেই দীমাবদ্ধ নহে, তাঁহার সভার অধিষ্ঠানে অন্য সমস্তের সভাতেই তাহার ব্যাপ্তি আছে। তাঁহার চিদ্রাপতাও কেবল তাঁহার স্বরপেই—তাঁহার স্বীয় জ্ঞানের মধ্যেই সীমাবদ নহে, তাঁহার জ্ঞানস্ক্রপত্ত্বে আশ্রয়ে অক্তান্ত সমন্তের জ্ঞানেই ইহার ব্যাপ্তি ৷ তাঁহার আনন্দ্রপতাও কেবল তাঁহার স্বীয় স্বরূপেই পর্যাবসিত নয়, তাঁহার স্বরূপের আশ্রায়ে অন্ম সমন্তের মধ্যেও ইহার ব্যাপ্তি। এইরূপেই সন্ধিনী-সন্বিং-হলাদিকাত্মিকা তাঁহার স্বরূপ-শক্তির সার্থকতা। এক্ষের এই আনন্দ-চাঞ্ল্য তাঁহার অপূর্ণতার পরিচায়ক নহে; ইহা তাঁহার পূর্ণতারই অভিব্যক্তি। ত্রশ্বারা পরিপূর্ণ কটাহের ত্থাই উত্তাপে উচ্ছুলিত হইয়া কটাহের বাহিরেও পড়িয়া যায়। ব্রশ্বের পরিপূর্ণ আনন্দই স্বরূপ-শক্তির প্রভাবে উচ্ছুলিত হইয়া তাঁহার স্বরূপের বহির্দেশেও ব্যাপ্ত হয় এবং অন্ত সকলের সিদ্ধ হইত না, লোভনীয়তাও থাকিত না, স্থতকাং উপাশুত্বও সিদ্ধ হইত না। যেখানে রস, সেথানেই বহু থাকিবে। আস্বান্ত এবং আস্বাদক না থাকিলে রসত্বের সার্থকতা থাকে না এবং বহু না থাকিলে রসোচ্ছ্যুদেরও সার্থকতা থাকে না । আনন্দোচ্ছাসের—রসোচ্ছাসের—প্রেরণায় তিনি এক হইয়াও বহু এবং এই বহুর মধ্যেই তাঁহার সং-রূপতার, চিদ্রপতার এবং আনন্দরপতার উচ্ছাসময়ী ব্যাপ্তি। একই আনন্দ-তত্ত্ব তাঁহার স্বরূপশক্তির প্রভাবে সর্বাতিশায়ী উচ্ছাস প্রাপ্ত হইয়া আপাতঃদৃষ্টিতে বহু ভেদ প্রাপ্ত হইয়াছেন। কোনও ভেদেই কিন্তু তত্বাস্তরের প্রবেশ নাই, তত্ত্বাস্তর বলিয়াও কোথাও কিছু নাই। তাঁহার এক ভেদে অবশু তাঁহার আনন্দোচ্ছাসের ন্যনতম অভিব্যক্তি— তাঁহার অব্যক্ত-শক্তিক রূপে, যাঁহাকে সাধারণতঃ নির্ক্তিশেষ ব্রহ্ম বলা হয়। তাঁহার এই রূপকে আপেক্ষিকভাবে নিশ্চল, নিজ্ঞিয় বলা যায়। কিন্তু এইরপেও তত্তান্তরের প্রবেশ নাই। তাই বহুভেদেও তিনি এক, অভিন্ন, অন্বয়-তত্ত্ব; তাহাই বৈষ্ণবাচাৰ্য্য শ্ৰীষ্কীৰ দেখাইয়াছেন।